# নতুন শহর কর্মসূচি

Translation accuracy is not guaranteed nor implied. If any questions arise related to the accuracy of the information contained in the translation, please refer to the New Urban Agenda document endorsed by the General Assembly (A/RES/71/256*) which is the official version of the document. Any discrepancies or differences created in the translation are not binding and have no legal effect for compliance or enforcement purposes.

জাতসিংঘ তথ্য কন্েদ্র, ভারত ও ভুটান দ্বারা অনুবাদ

# নতুন শহর কর্মসূচি

HABITAT III
QUITO 17-20 OCTOBER 2016

United Nations Conference on Housing and Sustainable Urban Development

United Nations

# নতুন শহর কর্মসূচি

# স্থায়ী নগর এবং সকলের জন্য মানব বসতি সংক্রান্ত কুইটো ঘোষণা

১. আমরা সরকার এবং রাষ্ট্রপ্রধান, মন্ত্রী এবং উচ্চ স্তরীয় প্রতিনিধিবর্গ ১৭ থেকে ২০ অক্টোবর ২০১৬ আবাসন এবং স্থায়ী শহর উন্নয়ন (আবাসন III) সংক্রান্ত রাষ্ট্রসংঘ সম্মেলনের জন্য সমবেত হয়েছি, উপ-জাতীয় এবং স্থানীয় সরকার, সাংসদ, নাগরিক সমাজ, মূল জনগন এবং স্থানীয় সম্প্রদায়, বেসরকারী ক্ষেত্র, পেশাদার এবং বিভিন্ন ক্ষেত্রের বিশেষজ্ঞ পেশাজীবিগণ, বৈজ্ঞানিক এবং শিক্ষাবিদ সম্প্রদায়, এবং অন্য সংশ্লিষ্ট অংশীদারগণ নতুন শহর কর্মসূচি গ্রহণের জন্য অংশগ্রহণ করছে।

২. ২০৫০ সালের মধ্যে বিশ্বের শহুরে জনসংখ্যা দ্বিগুণ হয়ে যাবে বলে অনুমান করা হচ্ছে, এটাই হবে একুশ শতকের অন্যতম নগরায়নের রূপান্তরগত প্রবণতা। জনসংখ্যা, অর্থনৈতিক কার্যকলাপ, সামাজিক এবং সাংস্কৃতিক বিনিময়, এবং পরিবেশগত ও মানবিক প্রভাব ক্রমবর্ধমান ভাবে শহরে কেন্দ্রীভূত হচ্ছে এবং এর ফলে আবাসন, পরিকাঠামো, বুনিয়াদী পরিষেবা, খাদ্য নিরাপত্তা, স্বাস্থ্য, শিক্ষা, চাকরী, নিরাপত্তা এবং প্রাকৃতিক সম্পদ এবং অন্যান্য দিক থেকে ধারাবাহিকতার ব্যাপক চ্যালেঞ্জ দেখা দেবে।

৩. ১৯৭৬ সালে কানাডার ভাংকুভার এবং ১৯৯৬ সালে তুরস্কের ইস্তানবুলে মানব বসতী সংক্রান্ত রাষ্ট্রসংঘ সম্মেলন এবং ২০০০ সালে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা গ্রহণের সময় থেকে আমরা বসতি এবং অস্থায়ী বসতিবাসীসহ লক্ষ লক্ষ শহরবাসীদের জীবনের মান উন্নত হয়েছে। তবে, বিভিন্ন ধরণের দারিদ্র, ক্রমবর্ধমান অসাম্য এবং পরিবেশগত অবক্ষয় সারা বিশ্বে স্থায়ী বিকাশের পথে অন্যতম অন্তরায় হয়ে দাঁড়িয়েছে, সেই সঙ্গে রয়েছে সামাজিক এবং অর্থনৈতিক ভাবে অন্তর্ভুক্ত না হওয়া এবং বহুমুখী পৃথকীকরণ শহর এবং মানব বসতির অপ্রতিরোধ্য বাস্তবতা।

৪. আমরা এখনও এইসব সমস্যা এবং অন্যান্য বর্তমান ও আগামী চ্যালেঞ্জের পর্যাপ্ত মোকাবিলা করতে পারিনি, এবং নগরায়নের ফলে যে সব সুযোগসুবিধা এসেছে আমাদের সেই সুযোগ নিতে হবে স্থায়ী এবং সর্বাত্মক অর্থনৈতিক বিকাশ, সামাজিক এবং সাংস্কৃতিক উন্নয়ন, পরিবেশ সুরক্ষা এবং রূপান্তরগত এবং স্থায়ী বিকাশের সাফল্যে সম্ভাব্য অবদান এক্ষেত্রে ইঞ্জিন হিসেবে কাজ করে।

৫. বিভিন্ন শহর এবং মানব বসতি যে ভাবে পরিকল্পিত, নির্মিত, অর্থ বিনিয়োগ, বিকশিত পরিচালিত এবং ব্যবস্থিত হয়েছে পুনরায় তা সুব্যবস্থিত করার মাধ্যমে নতুন শহর কর্মসূচিকে দারিদ্র, ক্ষুদার অবসান, অসাম্য দূর করা, এবং ধারাবাহিক, সর্বাত্মক এবং স্থায়ী অর্থনৈতিক বিকাশকে উন্নত করার কাজে লাগিয়ে লিঙ্গ সমতা এবং মহিলা ক্ষমতায়নের মাধ্যমে তাদের গুরুত্বপূর্ণ অবদানকে ধারাবাহিক বিকাশ, মানব স্বাস্থ্যের উন্নতি এবং কল্যাণে ব্যবহার করে নমনীয়তা এবং পরিবেশ রক্ষার কাজে ব্যবহার করা যেতে পারে।

৬. আমরা ২০১৫ সালের মাইলফলক সাফল্যের পুরো হিসেব রাখি বিশেষ করে ধারাবাহিক[1] উন্নয়ন লক্ষ্যমাত্রা সহ স্থায়ী উন্নয়নের জন্য ২০৩০ সালের কর্মসূচি, বিকাশের জন্য অর্থবিনিয়োগ সংক্রান্ত তৃতীয় আন্তর্জাতিক সম্মেলনের আদ্দিস আবাবা ব্যবস্থা কর্মসূচি, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত রাষ্ট্রসংঘ পরিকাঠামো সম্মেলনের আওতায় গৃহীত প্যারিস[2] চুক্তি, ২০১৫-২০৩০ বিপর্যয় ঝুঁকি হ্রাসের জন্য সেন্ডাই[3] পরিকাঠামো, ২০১৪-২০২৪ দশকের জন্য স্থল আবদ্ধ বিকাশশীল দেশসমূহের জন্য ভিয়েনা[4] কর্ম পরিকল্পনা, এস[5] আই ডি এস ত্বরান্বিত কর্মপদ্ধতি (এস এ এম ও এ) পথনির্দেশিকা[6] এবং ২০১১-২০২০র দশকের জন্য স্বল্পোন্নত দেশসমূহের ইস্তানবুল কর্ম পরিকল্পনা। পরিবেশ[7] এবং বিকাশ সংক্রান্ত রিও ঘোষণা পত্র, স্থায়ী বিকাশ সংক্রান্ত বিশ্ব শিখর সম্মেলন, সামাজিক[8] উন্নয়ন সংক্রান্ত বিশ্ব শিখর সম্মেলন, জনসংখ্যা

---

1 প্রস্তাব 70/1.

2 প্রস্তাব 69/313,সংযোজন

3 দেখুন FCCC/CP/2015/10/Add.1,সিদ্ধান্ত 1/CP.21, সংযোজন

4 প্রস্তাব 69/283,সংযোজন II.

5 প্রস্তাব 69/137,সংযোজন II.

6 প্রস্তাব 69/15, সংযোজন

7 ৯-১৩ মে ২০১১ ইস্তানবুল, তুরস্কে স্বল্পোন্নত দেশসমূহ সংক্রান্ত চতুর্থ রাষ্ট্রসংঘ সম্মেলনের প্রতিবেদন (A/CONF.219/7), অধ্যায়.II.

8 পরিবেশ এবং উন্নয়ন সংক্রান্ত রাষ্ট্রসংঘ সম্মেলন, রিওডি জেনেইরো, ৩-১৪ জুনে ১৯৯২, রিপোর্ট, ভল্যুম ১ সম্মেলনে গৃহীত প্রস্তাব (রাষ্ট্রসংঘ প্রকাশন, সেলস নং ই.৯৩.I.৮ এবং সংশোধনী) প্রস্তাব ১, সংযোজন ১

এবং উন্নয়ন সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনের কর্ম পরিকল্পনা, ব্যবস্থা গ্রহণের জন্য বেজিং[9] মঞ্চ, স্থায়ী বিকাশের জন্য রাষ্ট্রসঙ্ঘ[10] সম্মেলন এবং এই সব সম্মেলনের পরবোর্তী পদক্ষেপের কথাও আমাদের হিসেবে আছে।

৭. এটা স্বীকার করা হয় যে এতে আন্তঃ সরকারী ঐক্যমত্যের ফলাফল হয়নি, সেই সঙ্গে আমরা ২০১৬র মে মাসে ইস্তানবুলে অনুষ্ঠিত বিশ্ব মানবতা শিখর সম্মেলনের প্রতি গুরুত্ব দিই।

৮. আমরা নতুন শহর কর্মসূচিতে জাতীয় সরকারগুলির অবদানের এবং উপ জাতীয় এবং স্থানীয় সরকারগুলির অবদানের স্বীকৃতি দিই, এবং স্থানীয় ও আঞ্চলিক সরকারগুলির দ্বিতীয় বিশ্ব সমাবেশের বিষয়ে অবগত হয়ে থাকি।

৯. নতুন শহর কর্মসূচি আন্তর্জাতিক, আঞ্চলিক, জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় স্তরে সুসংহত এবং সু সমন্বিতভাবে ধারাবাহিক উন্নয়নের লক্ষ্যে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে স্থায়ী শহর উন্নয়নের জন্য আমাদের আন্তর্জাতিক অঙ্গীকার, এতে সমস্ত সংশ্লিষ্ট অংশীদারগণ অংশ নেয়। নতুন শহর কর্মসূচির রূপায়ন সুসংহত উপায়ে ধারাবাহিক উন্নয়নের সাফল্যের লক্ষ্যে ২০৩০ কর্মসূচির রূপায়ন এবং স্থানীয়করণের ক্ষেত্রে অবদান জোগায় এবং বিভিন্ন শহর ও মানব বসতিকে সর্বাত্মক, নিরাপদ, মজবুত ও স্থায়ী করার জন্য লক্ষ্য ১১ স্থায়ী বিকাশের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রেও অবদান জুগিয়ে থাকে।

১০. নতুন শহর কর্মসূচি স্বীকার করে যে সংস্কৃতি এবং সাংস্কৃতিক বৈচিত্র মানব জাতির সমৃদ্ধির উৎস এবং বিভিন্ন শহর, মানব বসতি এবং নাগরিকদের ধারাবাহিক উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান যোগায়, এবং উন্নয়নের প্রয়াসে সক্রিয় ও অনন্য ভূমিকা পালন করে। নতুন শহর কর্মসূচি আরো স্বীকার করে যে সহায় সম্পদের দায়িত্বশীল ব্যবহার এবং জলবায়ূ

---

9 জনসংখ্যা এবং উন্নয়ন সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলন, কায়রো, ৫-১৩ সেপ্টেম্বর ১৯৯৪ রিপোর্ট (রাষ্ট্রসংঘ প্রকাশন, সেস নং ই. ৯৫XIII.18) অধ্যায় ১, প্রস্তাব, ১ সংযোজন

10 মহিলা সংক্রান্ত চতুর্থ সম্মেলন, পেইচিং, ৪-১৫ সেপ্টেম্বর ১৯৯৫ (রাষ্ট্রসঙ্ঘ প্রকাশন, সেলস নং ই। ৯৬IV ১৩) অধ্যায় ১, প্রস্তাব, ১ সংযোজন II.



New Delhi, India - Andrzej Wrotek ©

পরিবর্তনের প্রতিকূল প্রভাবের মোকাবিলার ক্ষেত্রে অবদান সৃষ্টিকারী নতুন ধারাবাহিক ব্যবহার এবং উৎপাদনের উন্নয়ন ও রূপায়নের সময় সংস্কৃতিকে হিসেবের মধ্যে রাখতে হবে।

## আমাদের অভিন্ন লক্ষ্য

১১. আমরা সকলের জন্য শহরের লক্ষ্য ভাগ করে নিই, অর্থাৎ শহর এবং মানব বসতির সমান ব্যবহার এবং উপভোগ, এর ফলে সর্বাত্মক মনোভাবের উন্নতি ঘটে এবং বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের সকল আবাসীর জন্য কোনো রকম বৈষম্য ছাড়া তারা যাতে বসবাস করতে পারে এবং সকলের জন্য উন্নত জীবন যাত্রা এবং সমৃদ্ধি নিয়ে আসার লক্ষ্যে ন্যায্য, নিরাপদ স্বাস্থ্যকর, সুগম্য, সাধ্যের মধ্যে, মজবুত এবং স্থায়ী শহর ও মানব বসতী গড়ে তুলতে সক্ষম হয়। আমরা কিছু জাতীয় এবং স্থানীয় সরকারের এই লক্ষ্য অর্জনের প্রয়াস দেখেছি, তাদের আইন বা রাজনৈতিক ঘোষণায় একে শহরের অধিকার বলে এর উল্লেখ করা হয়েছে।

১২. আমাদের লক্ষ্য হল এমন শহর এবং মানব বসতি নির্মাণ করা যেখানে সব মানুষ সমান অধিকার এবং সুযোগ পাবে এবং তাদের মৌলিক অধিকার ভোগ করবে এবং তার পথ প্রদর্শক হবে রাষ্ট্রসঙ্ঘের নীতি ও সনদ, এতে থাকবে আন্তর্জাতিক আইনের প্রতি পূর্ণ মর্যাদা। এই বিষয়ে নতুন শহর কর্মসূচির ভিত্তি হল মানবাধিকাররের সার্বজনীন ঘোষণা, আন্তর্জাতিক[11] মানবাধিকার চুক্তিসমূহ, সহস্রাব্দ ঘোষণাপত্র[12] এবং ২০০৫এর বিশ্ব শিখর সম্মেলনের ফলাফল। বিকাশের[13] অধিকার সংক্রান্ত ঘোষণাপত্রের মত অন্যান্য নথির মাধ্যমে এই তথ্য জানানো হয়।[14]

---

11 প্রস্তাব ২১৭ এ (III

12 প্রস্তাব ৫৫/২

13 প্রস্তাব ৬০/১

14 প্রস্তাব ৪১/১২৮ সংযোজন

১৩. শহর এবং মানব বসতিগুলিতে আমাদের যে সব সংস্থান থাকবে তা হলঃ

(ক) তাদের সামাজিক কার্যাবলী সম্পূর্ণ করা, এর মধ্যে থাকবে, ভূমির সামাজিক এবং পরিবেশগত কাজ, এর লক্ষ্য হবে জীবন ধারণের উপযুক্ত মান পাওয়ার অধিকারের একটি উপাদান হিসবে পর্যাপ্ত আবাসনের অধিকার ধীরে ধীরে পূর্ণভাবে বাস্তবায়িত করা, কোনো রকম বৈষম্য ব্যতিরেকে, বিশুদ্ধ এবং নিরাপদ পানীয় জলে সকলের অধিকার, এবং খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি, স্বাস্থ্য, শিক্ষা, পরিকাঠামো সচলতা এবং পরিবহণ, শক্তি, বায়ুর গুণমান এবং জীবনধারণের মত ক্ষেত্রগুলিতে সরকারী পণ্য ও গুণমান বিশিষ্ট পরিষেবায় সকলের অধিকারের কথাও বলা হয়েছে।

(খ) অংশ গ্রহণের দিক থেকে, সামাজিক বন্ধনের উন্নতি, সকল আবাসীদের মধ্যে একটা নিজস্বতা এবং মালিকানার মনোভাব গড়ে তোলা দূষণ বিহীন এবং উন্নত মানের স্থান সকলের জন্য যা হবে বন্ধুত্বপূর্ণ এবং পরিবার জন্য, সামাজিক এবং সংহতিগত বন্ধন মজবুত করবে, সাংস্কৃতিক অভিব্যাক্তি এবং রাজনৈতিক অংশগ্রহণের উপযুক্ত সুযোগ সৃষ্টি করবে, এবং সামাজিক বন্ধন, সর্বাত্মক মনোভাব এবং শান্তিপূর্ণ এবং বৈচিত্রপূর্ণ সমাজে এক নিরাপত্তার বাতাবরণ গড়ে উঠবে যেখানে সমস্ত আবাসিকদের চাহিদা মেটানো যাবে এবং সংবেদনশীল পরিস্থিতিতে যারা রয়েছেন তাদের সুনির্দিষ্ট প্রয়োজনের প্রতি গুরুত্ব দেওয়া হবে।

(গ) লিঙ্গ সমতা এবং সমস্ত মহিলার ক্ষমতায়ণ অর্জন করা এবং সমস্ত ক্ষেত্রে তাদের কার্যকরী অংশগ্রহণ ও সমান অধিকার সুনিশ্চিত করতে হবে, সিদ্ধান্ত গ্রহণের সমস্ত স্তরে তাদের অংশগ্রহণ দরকার, ভদ্র কাজ এবং সমান কাজের জন্য সমান মজুরী সুনিশ্চিত করা বা সমান কাজের সমমূল্য প্রদানের মাধ্যমে ব্যক্তিগত বা প্রকাশ্য স্থানে মহিলাদের বিরুদ্ধে সব ধরণের বৈষম্য, হিংসা এবং হয়রানী দূর করতে হবে;

(ঘ) বর্তমান এবং ভবিষ্যৎ ধারাবাহিক, সর্বাত্মক এবং স্থায়ী অর্থনৈতিক বিকাশ, নগরায়নকে কাঠামোগত রূপান্তরে নিয়ে আসা, উচ্চ উৎপাদনশীলতা,

মূল্য সংযোজিত কার্যকলাপ এবং সহায় সম্পদ দক্ষতা, স্থানীয় অর্থনীতিকে সহায়তা এবং আনুষ্ঠানিক অর্থনীতির স্থায়ী রূপান্তরে সহায়তার সময় ঘরোয়া অর্থনীতির অবদানের কথাও মনে রাখতে হবে;

(ঙ) সমগ্র প্রসাশনিক সীমানার মধ্যে ভুখন্ডগত কাজকর্ম সম্পূর্ণ করা এবং সমস্ত স্তরে ভারসাম্যযুক্ত, ধারাবাহিক এবং সুসংহত শহর এবং ভূখন্ডগত বিকাশের জন্য একটি কেন্দ্র ও চালিকাশক্তি হিসেবে কাজ করা;

(চ) ধারাবাহিক, নিরাপদ এবং সুগম্য শহুরে ভ্রাম্যমানতার জন্য সহায় সম্পদের দিক থেকে যাত্রী ও পণ্যের দক্ষ পরিবহন ব্যবস্থা, কার্যকরীভাবে জনগণ, স্থান, পণ্য পরিষেবা এবং অর্থনৈতিক সুযোগ সুবিধার ক্ষেত্রে সংযোগ সাধন, বয়স এবং লিঙ্গগত পরিকল্পনা এবং বিনিয়োগ বৃদ্ধি করে

(ছ) বিপর্যয় ঝুঁকি হ্রাস এবং ব্যবস্থাপনা গ্রহণ ও রূপায়ন, সংবেদনশীলতা কম করা প্রাকৃতিক এবং মানব-সৃষ্ট বিপর্যয়ের ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা গ্রহণকারী হিসেবে মজবুত করে নিজেকে গড়ে তোলা এবং জলবায়ু পরিবর্তনের সঙ্গে নিজেকে মানিয়ে নেওয়া।

(জ) পরিবেশ ব্যবস্থা, জল, প্রাকৃতিক বাসস্থান এবং জৈব বৈচিত্র, তাদের পরিবেশগত প্রভাব কম করা এবং ধারাবাহিক ব্যবহার এবং উৎপাদনশৈলীতে পরিবর্তন করা।

## আমাদের নীতি এবং অঙ্গীকার

১৪. আমাদের লক্ষ্য অর্জনের জন্য নিম্নোক্ত নীতির ভিত্তিতে আমারা একটি নতুন শহর কর্মসুচি গ্রহনের সংকল্প করিঃ

(ক) কাউকে পেছনে না ফেলে সমস্র ধরণের দারিদ্রের অবসান ঘটিয়ে যেমন চরম দারিদ্র দূরীকরণ, সমান অধিকার এবং সুযোগ, আর্থ-সামাজিক এবং সাংস্কৃতিক বৈচিত্র এবং শহরাঞ্চলে সংহতি, জীবিকা, শিক্ষা, খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি, স্বাস্থ্য ও কল্যান, এইডস, যক্ষা এবং ম্যালেরিয়ার মহামারী সমাপ্ত করা। নিরাপত্তা বৃদ্ধি করে এবং বৈষম্য ও সমস্ত ধরণের

হিংসার অবসান ঘটানোর মাধ্যমে, জনগণের অংশগ্রহণের মাধ্যমে–সকলের জন্য নিরাপদ ও সমান সুযোগ প্রদান করে এবং বাস্তবিক এবং সামাজিক পরিকাঠামো, বুনিয়াদী পরিষেবা এবং পর্যাপ্ত মূল্য সাশ্রয়ী আবাসনের ব্যবস্থা করা;

(খ) উচ্চ উৎপাদনশীল, প্রতিযোগিতামূলক এবং অভিনবত্ব সহ সুপরিকল্পিত নগরায়নের উপকারিতার মাধ্যমে ধারাবাহিক এবং সর্বাত্মক শহুরে অর্থনীতি সুনিশ্চিত করা, পূর্ণ এবং উৎপাদনশীল কর্মসংস্থান ও সকলের জন্য চাকুরীর ব্যবস্থা। অর্থনৈতিক এবং উৎপাদনশীল সহায় সম্পদ এবং সুযোগ সুবিধায় সকলের প্রবেশের সমান সুযোগ প্রদান, জমির ফাটকা প্রতিরোধ, নিরাপদ জমির মেয়াদ সুনিশ্চিত করা এবং উপযুক্ত স্থানে শহর সংকোচনের ব্যবস্থাপনা উন্নত করা।

(গ) পরিচ্ছন্ন জ্বালানী শক্তি উন্নয়নের মাধ্যমে পরিবেশ সুরক্ষা সুনিশ্চিত করা এবং শহর উন্নয়নের ক্ষেত্রে জমি ও সহায় সম্পদের উপযুক্ত ব্যবহার সুনিশ্চিত করা, পরিবেশ ব্যবস্থা এবং জৈব বৈচিত্র সুরক্ষা, সেই সঙ্গে রয়েছে স্বাস্থ্যকর জীবনশৈলী গ্রহণ প্রকৃতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ধারাবাহিক ভোগ এবং উৎপাদনের মধ্যে সামঞ্জস্য রক্ষা করা, শহর মজবুত করা, বিপর্যয়ের ঝুকি কম করা, জলবায়ু পরিবর্তনের প্রভাব কম করা এবং তা গ্রহণ করার মাধ্যমে এই সমস্যার মোকাবিলা করা সম্ভব।

১৫. আমরা নতুন শহর কর্মসূচির জন্য শহরের উন্নত ব্যবস্থানার জন্য কাজ করতে প্রতিশ্রুতিবদ্ধ

(ক) আমরা যেভাবে শহর ও মানব বসতির পরিকল্পনা, অর্থ বিনিয়োগ, উন্নয়ন, পরিচালন এবং ব্যবস্থাপনা করে থাকি, সকলের বিকাশ এবং সমৃদ্ধির জন্য ধারাবাহিক শহর এবং ভূখন্ডগত বিকাশের জন্য আবশ্যক সে কথা আমরা স্বীকার করি;

(খ) জাতীয় সরকারগুলির ভূমিকা স্বীকার করে যেমন উপযুক্ত ধারাবাহিক শহুরে উন্নয়নের জন্য সর্বাত্মক এবং কার্যকরী নীতি এবং আইনের সংজ্ঞা

এবং রূপায়ন, এবং একইভাবে গুরুত্বপূর্ণ উপজাতীয় এবং স্থানীয় সরকারগুলির অবদান এবং নাগরিক সমাজ এবং অন্য সংশ্লিষ্ট অংশীদারদের অবদান এক স্বচ্ছ এবং দায়বদ্ধ উপায়েঃ

(গ) পরিবর্তনের মৌলিক পরিচালিকা শক্তির ভিত্তিতে সমস্ত স্তরে নীতি, কৌশল, ক্ষমতা উন্নয়ন এবং ব্যবস্থা রূপায়নের মাধ্যমে শহুরে এবং আঞ্চলিক উনয়নের প্রতি স্থায়ী, জনমুখী, বয়স এবং লিঙ্গ প্রতিক্রিয়াশীল এবং সুসংহত দৃষ্টিভঙ্গীঃ

(i) ধারাবাহিক সুসংহত শহুরে উন্নয়ন অর্জনের লক্ষ্যে বিভিন্ন শহর এবং মানব বসতিতে সুসংহত ব্যবস্থা নির্মান এবং সরকারের সমস্ত স্তরে সহযোগিতা বৃদ্ধি করা;

(ii) সামাজিক অন্তর্ভুক্ত, স্থায়ী, সর্বাত্মক এবং ধারাবাহিক অর্থনৈতিক বিকাশ এবং পরিবেশ সুরক্ষার জন্য শহুরে উন্নয়ন পরিকল্পনায় পূর্বানুমান এবং মজবুত ব্যবস্থা প্রদান, শহুরে প্রশাসনকে মজবুত করা সেই সঙ্গে উন্নত প্রতিষ্ঠান এবং ব্যবস্থা যা ক্ষমতা প্রদান করে এবং শহুরে অংশীদারদের অন্তর্ভুক্ত করে এবং উপযুক্তভাবে ভারসাম্য বজায় রাখে;

(iii) শহুরে আকারের পরিধিকে স্থানীয় মাত্রা প্রদান করতে এবং নগরায়নের ইতিবাচক ফলাফল নিয়ে আসতে দীর্ঘমেয়াদী এবং সুসংহত শহুরে এবং স্থানীয় পরিকল্পনা এবং নকশা নতুন করে গড়ে তোলা;

(iv) সর্বাত্মকভাবে ধারাবাহিক শহুরে উন্নয়নের মাধ্যমে গড়ে ওঠা মূল্যবোধ সৃষ্টি, বজায় রাখা এবং ভাগ করে নেওয়ার জন্য কার্যকরী, অভিনব এবং স্থায়ী আর্থিক পরিকাঠামো এবং ব্যবস্থা সমর্থনের মাধ্যমে পুর অর্থ ব্যবস্থা এবং স্থানীয় অর্থ ব্যবস্থা মজবুত করা।

## ব্যবস্থা গ্রহণের আহ্বান

১৬. সমস্ত আকারের শহর, টাউন এবং গ্রামের সুনির্দিষ্ট অবস্থার তারতম্য ঘটে, তবুও আমরা স্বীকার করি যে নতুন শহুরে কর্মসূচি সুযোগের দিক

থেকে অংশগ্রহণমূলক এবং জনমুখী, এই গ্রাহককে সুরক্ষা প্রদান করে এবং এক দীর্ঘমেয়াদী লক্ষ্য রয়েছে আন্তর্জাতিক, আঞ্চলিক, জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় স্তরে অগ্রাধিকার এবং ব্যবস্থা স্থির করে যা সকল দেশের সরকার এবং অন্যান্য অংশগ্রহণকারীরা তাদের নিজ নিজ প্রয়োজনের ভিত্তিতে গ্রহণ করতে পারে।

১৬. বিভিন্ন জাতীয় বাস্তবতা, ক্ষমতা এবং উন্নয়নের স্তরের কথা মাথায় রেখে, জাতীয় আইন এবং অভ্যাস ও নীতি ও অগ্রাধিকারের প্রতি শ্রদ্ধা জানিয়ে আঞ্চলিক এবং বিশ্বস্তরে এবং আমাদের নিজেদের দেশে নতুন শহুরে কর্মসূচি রূপায়নের লক্ষ্যে কাজ করবো।

১৮. আমরা অভিন্ন কিন্তু পৃথক দায়িত্বের নীতি যা নীতিগতভাবে স্থির করা হয়েছে তা সহ পরিবেশ এবং উন্নয়ন সংক্রান্ত রিও ঘোষণাপত্রের সমস্ত নীতির কথা পুনরায় জোর দিয়ে বলছি, যা নীতি ৭ এ উল্লেখ করা হয়েছে।

১৯. আমরা স্বীকার করি যে নতুন শহুরে কর্মসূচি রূপায়নের ক্ষেত্রে বিশেষ করে আফ্রিকার দেশসমূহ, স্বল্পোন্নত দেশসমূহ, ভূমি বেষ্ঠিত উন্নয়নশীল দেশসমূহ এবং ক্ষুদ্র উন্নয়শীল দ্বীপ রাষ্ট্রসমূহ এবং মধ্য আয় শ্রেনীর দেশসমূহ সহ সমস্ত দেশ বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছে। দ্বন্দ্বের পরিস্থিতিতে বিশেষ দৃষ্টি দিতে হবে বিদেশী দখলে রয়েছে যে সব দেশ, দ্বন্দ্ব পরবোর্তী দেশসমূহ এবং প্রাকৃতিক ও মানব সৃষ্ট বিপর্যয় প্রভাবিত দেশসমূহের প্রতি বিশেষ দৃষ্টি দিতে হবে।

২০. বিভিন্ন মানুষ যে বিভিন্ন ধরনের বৈষম্যের স্বীকার তার প্রতি দৃষ্টি দেবার প্রয়োজনীয়তা আমরা স্বীকার করি যেমন, মহিলা এবং কন্যা, শিশু এবং যুব, প্রতিবন্ধী ব্যক্তিরা, এইচআইভি\এইডস রোগাক্রান্ত ব্যক্তিরা, বৃদ্ধ, মূল বাসিন্দা এবং স্থানীয় সম্প্রদায়, বসতিবাসী বা অস্থায়ী বসতির লোকজন, গৃহিহীন লোকজন, শ্রমিক, ক্ষুদ্র কৃষক এবং মৎসজীবি, শরণার্থী, প্রত্যাবর্নকারীরা, অভ্যন্তরীণভাবে উদ্বাস্তু, অভিবাসী এবং এক্ষেত্রে কারো অভিবাসনের বাছবিচার করা হয় না।

২১. আমরা সকল জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় সরকারকে এবং সমস্ত সংশ্লিষ্ট অংশগ্রহণকারীদের জাতীয় নীতি এবং আইন অনুযায়ী নতুন শহরে কর্মসূচির কার্যকরী রূপায়ন এবং আমাদের অভিন্ন লক্ষ্য বাস্তবায়নের জন্য উন্নত সহযোগিতার মাধ্যমে এক মজবুত অংশীদারিত্ব গড়ে তোলার আহ্বান জানাই।

২২. ধারাবাহিক শহুরে উন্নয়নের লক্ষ্যে সামগ্রিক দৃষ্টিভঙ্গী এবং রাজনৈতিক অঙ্গীকার হিসেবে আমরা এই নতুন শহুরে কর্মসূচি গ্রহণ করছি, এবং ক্রমবর্ধমান নগরায়নের বিশ্বে ধারাবাহিক বিকাশের চালিকা শক্তি হিসেবে শহর এবং মানব বসতির গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের এই ঐতিহাসিক সুযোগ এই ব্যবস্থা।

# নতুন শহুরে কর্মসূচির জন্য কোয়েটো রূপায়ন পরিকল্পনা

২৩. আমরা স্থায়ী শহর উন্নয়নের জন্য জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় সরকারগুলি এবং সমস্ত সংশ্লিষ্ট অংশীদারদের সমর্থ করে তোলার জন্য গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে নতুন শহর কর্মসূচি রূপায়নের সংকল্প নিচ্ছি।

## স্থায়ী শহর উন্নয়নের জন্য রুপান্তরকারী সংকল্প

২৪. স্থায়ী শহর উন্নয়নের সম্ভাবনাকে সম্পূর্ণ রুপে বাস্তবায়নের জন্য আমরা স্থায়ী উন্নয়নের লক্ষ্যে সুসংহত এবং অবিচ্ছেদ্য মাত্রা ভিত্তিক দৃষ্টান্তের মাধ্যমে নিম্নোক্ত রূপান্তরকারী সংকল্প গ্রহণ করছিঃ সামাজিক অর্থনৈতিক এবং পরিবেশগত।

## সামাজিক অন্তর্ভুক্তি এবং দারিদ্র দূরীকরণের জন্য স্থায়ী শহুরে বিকাশ

২৫. আমরা স্বীকার করি যে চরম দারিদ্র সহ সমস্ত ধরণের দারিদ্র দূর করা বিশ্বের অন্যতম চ্যালেঞ্জ এবং স্থায়ী বিকাশের জন্য একান্ত আবশ্যহক। আমরা এটাও স্বীকার করি যে বসতি এবং অস্থায়ী বসতির ক্রমবর্ধমান জনসংখ্যা সহ ক্রমশ বেড়ে চলা অসাম্য এবং বহু মাত্রিক দারিদ্র বিকশিত এবং বিকাশশীল দেশগুলির ক্ষতি সাধন করছে এবং স্থানীয় সংগঠন, শহরের এলাকায় গ্রহণযোগ্যতা এবং নীতি এবং পরিকাঠামো এবং বুনিয়াদী পরিষেবার ব্যবস্থা এবং সেই সঙ্গে উন্নয়নী নীতি সামাজিক ঐক্য, সমতা এবং একতার ক্ষেত্রে উন্নতি বা প্রতিবন্ধকতার কাজ করতে পারে।

২৬. আমরা শহর এবং গ্রামীন বিকাশে প্রতিশ্রুতিবদ্ধ যা জনমুখী, এই গ্রাহককে রক্ষা করে, এবং বয়স ও লিঙ্গের প্রতি প্রতিক্রিয়াশীল এবং মানুষের মানবাধিকার, মৌলিক স্বাধীনতা উপলব্ধী করে এবং সমস্ত মানুষের এবং সম্প্রদায়ের ক্ষমতায়নে বিশ্বাস করে এবং তাদের পূর্ণ এবং অর্থবহ অংশগ্রহণ সুনিশ্চিত করে। আমরা আরো সংকল্প করি যে আমরা আমাদের শহর এবং মানব বসতিগুলিকে মানবিকরণের মুল উপাদন হিসেবে সংস্কৃতিকে উন্নত করবো এবং বৈচিত্র ও সমতাকে গুরুত্ব দেব।

২৭. আমরা আবারও সংকল্প করি যে কাউকে পেছনে ফেলে যাওয়া হবে না এবং প্রতিশ্রুতি দিচ্ছি যে অভিন্ন সুযোগ এবং সুবিধা সমানভাবে গ্রহণ করা

হবে যা নগরায়নের ফলে উপলব্ধ হবে সমস্ত অধিবাসী তা সে স্থায়ী বা অস্থায়ী বসতি যেখানেই বসবাস করুক না কেন, সকলকে ভদ্রোচিত, আত্মমর্যাদা সম্পন্ন এবং সুস্থ  জীবনযাপনের সুযোগ দেওয়া হবে যাতে তারা তাদের পূর্ণ মানবিক সম্ভাবনা অর্জন করতে পারে।

২৮. আমরা শরণার্থী, অভ্যন্তরীণ উদ্বাস্তু ও অভিবাসীর মানবাধিকারের প্রতি শ্রদ্ধা সুনিশ্চিত করি তাদের অভিবাসনের অবস্থার প্রতি গুরুত্ব না দিয়ে, এবং তাদের আন্তর্জাতিক সহযোগিতার আদর্শে তাদের আশ্রয়দাতা শহরগুলিকে সাহায্য করি, জাতীয় অবস্থার বিষয়ে লক্ষ্য রাখি এবং স্বীকার করি যে বহু সংখ্যক মানুষের কোন শহর বা টাউনে আগমনের ফলে নানা চ্যালেঞ্জের সৃষ্টি হয়, এবং এর ফলে শহুরে জীবনে গুরুত্বপূর্ণ সামাজিক, অর্থনৈতিক এবং সাংস্কৃতিক অবদানও যোগাতে পারে। আমরা বৈশ্বিক, আঞ্চলিক, জাতীয় এবং উপজাতীয় ও স্থানীয় স্তরে আন্তর্জাতিক অভিবাসন এবং বিকাশের মধ্যে সামঞ্জস্য সৃষ্টির জন্য নিরাপত্তা, সুশৃংখলা এবং সুপরিকল্পিত নীতির মাধ্যমে নিয়মিত অভিবাসন সুনিশ্চিত করার সংকল্প গ্রহণ করি এবং স্থানীয় কর্তৃপক্ষগুলিকে এমন পরিকাঠামো গড়ে তুলতে সহায়তা করি যা অভিবাসীদের বিভিন্ন শহরে অবদান যোগাতে এবং শহর-গ্রামের যোগাযোগ বৃদ্ধিতে সহায়তা করে।

২৯. আমরা জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় সরকারকে মজবুর করার সংকল্প গ্রহণ করি এবং সরকারী এবং অসরকারী সংগঠনের সঙ্গে সামাজিক এবং বুনিয়াদী পরিষেবার বিষয়ে সহযোগিতা করি, সেই সঙ্গে বিভিন্ন সম্প্রদায়ে বিনিয়োগ সৃষ্টি করি যা বিপর্যয়ের দিক থেকে খুবই সংবেদনশীল এবং যেখানে মানবতার সংকট দেখা দেওয়ার সম্ভাবনা বেশী। আমরা পর্যাপ্ত পরিষেবা প্রদানের বিষয়েও সংকল্প গ্রহণ করি।সংকটাপন্ন লোকেদের জন্য বাসস্থান এবং সুস্থ ও উৎপাদনশীল কাজের ব্যবস্থা করি। তাছাড়া স্থানীয় সম্প্রদায় এবং স্থানীয় সরকারের সঙ্গে কাজের ব্যবস্থা করি যাতে স্থানীয়, টেকসই এবং মর্যাদা সম্পন্ন সমাধান খুঁজে পাওয়া যায়, ক্ষতিগ্রস্থ লোকেদের যাতে সাহায্য করা যায় সেই উদ্দেশ্যে বিভিন্ন সম্প্রদায়ের ব্যর্থতার হাত থেকে রক্ষার জন্য কাজ করি।


Surabaya, Indonesia

৩০. সশস্ত্র বিবাদের সময় মজবুত শহুরে পরিষেবায় সমর্থনের জন্য আমরা সরকার এবং নাগরিক সমাজকে সাহায্যের প্রয়োজনীয়তা স্বীকার করি। আমরা আন্তর্জাতিক মানবাধিকার আইনের প্রতি পূর্ণ সম্মানের প্রয়োজনীয়তার কথাও জোর দিয়ে বলি।

৩১. আমরা জাতীয়, রাষ্ট্রীয় ও স্থানীয় গৃহীত নীতিগুলি প্রচারের জন্য নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি যা সকলের জন্য পর্যাপ্ত গৃহনির্মাণের অধিকারের প্রগতিশীল উপলব্ধিকে সমর্থন করে যা জীবনযাত্রার পর্যাপ্ত মানদণ্ডের একটি উপাদান হিসেবে বিবেচিত হয়, যা বৈষম্য এবং সহিংসতার সমস্ত ধরণের মোকাবেলা করে এবং অজ্ঞাতসারে প্রতিরোধ করে। নির্বাসন এবং গৃহহীনদের প্রয়োজনীয়তার উপর যে দৃষ্টিভঙ্গি, দুর্বল অবস্থানে থাকা ব্যক্তিরা, নিম্নবিত্তদের গোষ্ঠী এবং প্রতিবন্ধী ব্যক্তিরা, এই নীতিসমূহের পরিকল্পনা ও বাস্তবায়নে সম্প্রদায় এবং সংশ্লিষ্ট অংশগ্রহণকারীদের অংশগ্রহণ এবং সক্রিয়তা সহ, সামাজিক উৎপাদন সমর্থন সহ জাতীয় আইন এবং মান অনুযায়ী বাসস্থানের ব্যবস্থা করাও এর অন্তর্ভুক্ত।

৩২. আমরা সমন্বিত এবং বয়স-এবং লিঙ্গ-প্রতিক্রিয়াশীল আবাসন নীতিগুলি এবং সমস্ত খাতে বিশেষ করে কর্মসংস্থান, শিক্ষা, স্বাস্থ্যপরিষেবা এবং সামাজিক একত্রীকরণের ক্ষেত্রগুলিতে এবং সরকারের সব স্তরের উন্নয়নের লক্ষ্যে প্রচার করার জন্য নিজেদেরকে নীতিমালা ও পন্থাপদ্ধতি সম্পর্কে অঙ্গীকারবোদ্ধ করি - পর্যাপ্ত, সাশ্রয়ী মূল্যের, প্রবেশযোগ্য, সম্পদ-দক্ষ, নিরাপদ, স্থিতিস্থাপক, উন্নত-সংযোজিত এবং সুবিন্যস্ত আবাসস্থানের বিধানকে সংযোজন বিষয়সমূহ বিশেষ মনোযোগ সহকারে দেখা হয় এবং বাকি শহুরে বিষয়গুলির সাথে সম্পর্ককে শক্তিশালী করা এবং পার্শ্ববর্তী এলাকার প্রতি দৃষ্টি দেওয়া হয়।

৩৩. আমরা নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি পর্যাপ্ত গৃহনির্মাণের বিভিন্ন বিকল্পগুলি সরবোরাহ করার জন্য যা নিরাপদ, সাশ্রয়ী এবং সমাজের বিভিন্ন সদস্যদের জন্য সহজলভ্য, প্রান্তিক জনগোষ্ঠীর আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক একীকরণের বিষয়টিকে বিবেচনা করে, গৃহহীন ব্যক্তিদের এবং দুর্বল পরিস্থিতিতে এবং পৃথকীকরণ প্রতিরোধে আমরা সমাজে তাদের পূর্ণ অংশগ্রহণের

সুবিধার জন্য এবং গৃহহীনতার অবসান ঘটাতে এবং এর অপরাধীকরণের বিরুদ্ধে লড়াই এবং এর সাথে লড়াই করার জন্য গৃহহীন লোকেদের জীবনযাপনের অবস্থার উন্নয়নে ইতিবাচক পদক্ষেপ গ্রহণ করবো।

৩৪. আমরা সকলের জন্য সময়োপযোগী মৌলিক শারীরিক ও সামাজিক অবকাঠামোগত সময়োপযোগী এবং সাশ্রয়ী মূল্যের প্রবেশাধিকার দেবার জন্য নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি, সাশ্রয়ী মূল্যের পরিষেবা জমি, আবাসন, আধুনিক ও নবায়নযোগ্য শক্তি, নিরাপদ পানীয় জল এবং পরিচ্ছন্নতা, নিরাপদ, পুষ্টিকর এবং পর্যাপ্ত খাদ্য, টেকসই গতিশীলতা, স্বাস্থ্যপরিষেবা এবং পরিবার পরিকল্পনা, শিক্ষা, সংস্কৃতি, এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবস্থা করি। আমরা আরও নিশ্চিত করতে পারি যে, এই পরিষেবাগুলি নারী, শিশু ও যুবক, বয়স্ক ব্যক্তিদের অধিকার এবং প্রয়োজনে প্রতিবন্ধী, আদিবাসীদের এবং স্থানীয় সম্প্রদায়ের এবং অন্যান্যদের দুর্ভোগের পরিস্থিতিতে রয়েছেন যারা তাদের কাছে উপযোগী বলে বিবেচিত হয়। এই বিষয়ে আমরা আইনি, প্রাতিষ্ঠানিক, আর্থ-সামাজিক এবং শারীরিক বাধা দূর করার জন্য উত্সাহিত করি।

৩৫. আমরা রাষ্ট্রীয় ও স্থানীয় সরকারের সহিত সরকরকে যথাযথ পর্যায়ে উন্নীত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, সকলের জন্য মেয়াদকালের নিরাপত্তা বাড়ানো, মেয়াদ প্রকারের বহুত্ববাদের স্বীকৃতি প্রদান এবং উপযুক্ত-উদ্দেশ্য ও বয়স, লিঙ্গ ও পরিবেশের উন্নয়নকল্পে স্বীকৃতি প্রদান করে ভূমি ও সম্পত্তির অধিকারের সামর্থ্যের মধ্যে পরিবেশ অনুকূল সমাধানের মাধ্যমে নারীর কার্যকরী ক্ষমতায়নের সাহায্যে ভূমির মেয়াদকালের নিরাপত্তার প্রতি বিশেষ দৃষ্টিভঙ্গি সহ কার্যকরী প্রশাসনিক ব্যবস্থা সহ এটি করা হয়ে থাকে।

৩৬. আমরা শহরে এবং মানুষের বসতিগুলির মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রবেশাধিকার সহজ করে তুলতে অন্যদের সমকক্ষ উপযুক্ত ব্যবস্থা প্রদান করি, শারীরিক পরিবেশে, বিশেষ করে জনসাধারণের স্থান, জন-পরিবহণ, আবাসন, শিক্ষা এবং স্বাস্থ্য সুবিধার জন্য যথোপযুক্ত পদক্ষেপগুলির লক্ষ্যে নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি। জনসাধারণের তথ্য এবং যোগাযোগ (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ও ব্যবস্থা সহ) এবং অন্যান্য সুযোগসুবিধা এবং

পরিষেবা জনসাধারণের কাছে উন্মুক্ত বা প্রদান করা হয়, শহরাঞ্চল এবং গ্রামাঞ্চল উভয় ক্ষেত্রেই এই সুবিধা প্রদান করা হয়।

৩৭. আমরা নিরাপদ, সর্বাত্মক, প্রবেশযোগ্য, সবুজ এবং উচ্চ গুণমানসম্মত সরকারী স্থান উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ, সেই সঙ্গে রয়েছে রাস্তা, ফুটপাত এবং সাইকেল লেন, স্কোয়ার, জলপ্রপাত এলাকা, উদ্যান এবং পার্ক সহ সামাজিক যোগাযোগ এবং অন্তর্ভুক্তি, মানব স্বাস্থ্য এবং সুশৃঙ্খলতার জন্য বহু উদ্দেশ্যসাধক এলাকাসমূহ, অর্থনৈতিক বিনিময় এবং সাংস্কৃতিক অভিব্যক্তি এবং মানব সংস্কৃতির ব্যাপক বৈচিত্র্যের মধ্যে আলোচনা, এবং যা মানব উন্নয়ন সুনিশ্চিত করতে এবং শান্তিপূর্ণ, সর্বাত্মক এবং অংশগ্রহণমূলক সমাজ গঠনের জন্য, পাশাপাশি একত্রিত বসবাস, সংযোগ এবং সামাজিক অন্তর্ভুক্তিকে উন্নত করার লক্ষ্যে তৈরি করা ব্যবস্থিত করা হয়েছে।

৩৮.আমরা সাংস্কৃতিক সুরক্ষা ও উন্নয়নের জন্য জাতীয়, রাষ্ট্রীয় ও স্থানীয় পর্যায়ে সুসমন্বিত নগর ও আঞ্চলিক নীতি এবং পর্যাপ্ত বিনিয়োগের মাধ্যমে নগর ও মানব বসতিগুলির মধ্যে যথাযথভাবে প্রাকৃতিক এবং সাংস্কৃতিক ঐতিহ্যের ধারাবাহিকতায় প্রতিশ্রুতিবদ্ধ। সাংস্কৃতিক পরিকাঠামো এবং স্থল, সংগ্রাহলয়, আদিবাসী সংস্কৃতি এবং ভাষা, পাশাপাশি ঐতিহ্যগত জ্ঞান এবং কলা ক্ষেত্রে ভূমিকার উল্লেখ করে যা শহুরে এলাকায় পুনর্বাসন এবং পুনরুজ্জীবিতকরণ এবং সামাজিক অংশগ্রহণকে শক্তিশালীকরণ এবং নাগরিকত্বের অনুশীলনকে তুলে ধরছে।

৩৯. আমরা একটি নিরাপদ, সুস্থ, সর্বাত্মক এবং নিরাপদ পরিবেশে নগর ও মানব বসতি স্থাপনের জন্য প্রতিশ্রুতি দিচ্ছি যাতে সবাই হিংসা ও ভীতির ভয় না করে কাজ এবং শহুরে জীবন যাপনে, অংশগ্রহণ করে, নারী ও মেয়েশিশু, শিশু ও যুবরা প্রায়ই ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে বিশেষভাবে প্রভাবিত হয় এই বিবেচনায় এই সংকল্প করা হল। আমরা নারী ও মেয়েশিশুদের বিরুদ্ধে ক্ষতিকর কার্যকলাপ দূর করার জন্য কাজ করবো, কম বয়সে মেয়েদের জোরপূর্বক বিয়ে এবং মহিলা জিনগত বিকৃতি ইত্যাদির বিরুদ্ধে কাজ করবো।

৪০. আমরা নগর ও মানব বসতিতে বৈচিত্র্য গ্রহণ করতে নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করছি। সামাজিক সংহতি, একত্রীকরণের সাংস্কৃতিক আলোচনা এবং বোঝাপড়া, সহনশীলতা, পারস্পরিক শ্রদ্ধা, লিঙ্গ সমতা, উদ্ভাবন, উদ্যোগী মনোভাব, অন্তর্ভুক্তি, পরিচয় এবং নিরাপত্তা, এবং সকল মানুষের মর্যাদা সমৃদ্ধ করার জন্য এই সংকল্প নেওয়া হচ্ছে। বাস্তবসম্মততা এবং একটি স্পন্দিত শহুরে অর্থনীতি আমরা আমাদের স্থানীয় প্রতিষ্ঠানগুলি ক্রমবর্ধমান বৈষম্যমূলক ও বহুমুখী সমাজের মধ্যে যাতে বহুত্ববাদের উন্নতি এবং শান্তিপূর্ণ সহাবস্থানের নীতিতে উত্সাহিত হয় সেই লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্যও আমরা এই অঙ্গীকার করছি।

৪১. আমরা জাতীয় নীতির সাথে সঙ্গতিপূর্ণ, সমন্বিত মঞ্চগুলির জন্য নগর ও মানব বসতিগুলির মধ্যে প্রাতিষ্ঠানিক, রাজনৈতিক, আইনি এবং আর্থিক প্রক্রিয়াগুলি্র উন্নতির জন্য নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি, যাতে সকলের জন্য সিদ্ধান্ত গ্রহণ, পরিকল্পনা এবং অনুসরণ প্রক্রিয়ায় অর্থবহ অংশগ্রহণ সম্ভব হয় এবং সেই সঙ্গে উন্নত নাগরিক প্রবৃত্তি এবং সহ-বিধান এবং সহ-উৎপাদনের পক্ষে সহায়ক হয়।

৪২. আমরা সর্বজনীন ও স্থানীয় সরকারকে যথাযথভাবে সমর্থন করি, সমস্ত সংশ্লিষ্ট অংশীদারদের মধ্যে অভ্যন্তরীণ বিষয়গুলিকে শক্তিশালী করার ক্ষেত্রে তাদের মূল ভূমিকা পূরণে, বয়স-এবং লিঙ্গ-প্রতিক্রিয়াশীল পন্থাগুলি সহ সংলাপের সুযোগ প্রদান করি এবং সকল বিভাগের সম্ভাব্য অবদানসমূহকে বিশেষ মনোযোগ দিয়ে বিবেচনা করা হয়। সেখানে জাতি, ধর্ম, জাতিগত বা সামাজিক-অর্থনৈতিক ভিত্তিক বৈষম্যের কোনো ভেদাভেদ করা হয় না। পুরুষ ও নারী, শিশু ও যুবক, বয়স্ক ব্যক্তি এবং প্রতিবন্ধী ব্যক্তি, আদিবাসী জনগোষ্ঠী এবং স্থানীয় সম্প্রদায়, শরণার্থী, অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত ব্যক্তি এবং অভিবাসী সহ, তাদের অভিবাসন অথবা আর্থ সামাজিক অবস্থা নির্বিশেষে এটি করা হয়।

## স্থায়ী এবং সর্বাত্মক শহুরে সমৃদ্ধি এবং সকলের জন্য সুযোগ

৪৩. আমরা স্বীকার করি যে দৃঢ়ভাবে, সমন্বিত এবং স্থায়ী অর্থনৈতিক বিকাশ পূর্ণ ও ফলপ্রসূ কর্মসংস্থান এবং সকলের জন্য ভালো কাজ স্থায়ী শহুরে ও আঞ্চলিক উন্নয়নের একটি প্রধান উপাদান এবং সেইসঙ্গে নগর ও মানব বসতিসমূহ সমান সুযোগের স্থান হওয়া উচিত, ব্যক্তিদের সুস্থ, উৎপাদনশীল, সমৃদ্ধ এবং পরিশীলিত  জীবনযাপনের সুযোগ দেওয়া উচিত।

৪৪. আমরা স্বীকার করি যে শহুরে ধরণ, পরিকাঠামো এবং ভবন নকশা, মূল্য এবং সম্পদ দক্ষতার সর্বাধিক চালিকাশক্তিগুলির মধ্যে অন্যতম, এবং শহুরে অর্থনীতিতে এসব হয়ে থাকে মাত্রা এবং সঞ্চয়ের অর্থনীতি এবং শক্তির দক্ষতা, নবীকরণযোগ্য শক্তি, স্থিতিস্থাপকতা, উৎপাদনশীলতা, পরিবেশ সুরক্ষা এবং ধারাবাহিক বৃদ্ধির সুবিধার মাধ্যমে।

৪৫. আমরা প্রাণবন্ত, স্থায়ী এবং সমন্বিত শহুরে অর্থনীতিকে উন্নয়ন করতে, প্রতিশ্রুতিশীল, সম্ভাব্য, প্রতিযোগিতামূলক সুবিধার ব্যবস্থা করতে, সাংস্কৃতিক ঐতিহ্য এবং স্থানীয় সম্পদ এবং সেইসঙ্গে সম্পদ-দক্ষ ও স্থিতিশীল পরিকাঠামো নির্মাণ, ধারাবাহিক এবং সুসমন্বিত শিল্প উন্নয়ন এবং ধারাবাহিক ভোগ এবং উৎপাদনের ধরণ এবং উন্নয়নের সংকল্প গ্রহণ করি। তাছাড়া ব্যবসা এবং উদ্ভাবনের জন্য একটি সক্রিয় পরিবেশের পাশাপাশি জীবিকার উন্নতির জন্য কাজ করি।

৪৬. আমরা ব্যয়সাশ্রয়ী এবং স্থায়ী আবাসন এবং আবাসন অর্থ বিনিয়োগের ভূমিকা উন্নয়নে নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি, সেই সঙ্গে সামাজিক আবাসস্থল উত্পাদন, অর্থনৈতিক উন্নয়ন, এবং অন্যান্য অর্থনৈতিক ক্ষেত্রে উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য এই ক্ষেত্রে অবদানের সংকল্প গ্রহণ করি, আবাসন, মূলধন গঠন করে, আয়, কর্মসংস্থান সৃষ্টি এবং সঞ্চয় বৃদ্ধি করে এবং জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় পর্যায়ে স্থায়ী এবং সর্বাত্মক অর্থনৈতিক রূপান্তর চালাতে অবদান রাখতে পারে।

৪৭. আমরা সরকার এবং কাজের ক্ষেত্র এবং সংশ্লিষ্ট অংশীদারদের বিভিন্ন পর্যায়ে স্থানীয় অর্থনৈথিক উন্নয়ন, একত্রীকরণ, সহযোগিতা, সমন্বয় এবং

আলোচনার স্বার্থে জাতীয়, উপ জাতীয় এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলিকে মজবুত করতে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার অঙ্গীকার করি।

৪৮. আমরা স্থানীয় সরকার, বেসরকারী ক্ষেত্র এবং নাগরিক সমাজ, মহিলা, যুব প্রতিনিধিত্বকারী সংগঠন এবং প্রতিবন্ধী, আদিবাসী, পেশাদার, শিক্ষা প্রতিষ্ঠান, শ্রমিক সংঘ, কর্মচারী সংগঠন, অভিবাসী সংগঠন এবং সাংস্কৃতিক সংগঠন সহ সকল সংশ্লিষ্ট অংশীদারদের সঙ্গে কার্যকরী অংশগ্রহণ এবং সহযোগিতার অঙ্গীকার করি। এর লক্ষ্য হল শহুরে অর্থনৈতিক উন্নয়নের সুযোগ সুবিধা চিহ্নিত করা এবং যে সব চ্যালেঞ্জ দেখা দেয় তা চিহ্নিত করা এবং তার মোকাবিলা করা।

৪৯. আমরা আঞ্চলিক ব্যবস্থাকে সমর্থনের অঙ্গীকার করি যা শহুরে এবং গ্রামীণ কাজ কর্মকে জাতীয় এবং উপজাতীয় পরিকাঠামোর সঙ্গে যুক্ত করে এবং এই ভাবে শহর এবং মানব বসতির ব্যবস্থায় ধারাবাহিক ব্যবস্থাপনা উন্নত হয় এবং প্রাকৃতিক সহায় সম্পদ এবং ভূমির ব্যবহার বৃদ্ধি পায়, নির্ভরযোগ্য সরবোরাহ এবং মূল্য শৃংখলা যা শহর এবং গ্রামের যোগান এবং চাহিদার মধ্যে সংযোগ রেখে শহর ও গ্রামের সমান আঞ্চলিক উন্নয়নে সহায়তা করে এবং সামাজিক,অর্থনৈতিক ও আঞ্চলিক ব্যবধানের মধ্যে ভারসাম্য তৈরি করে।

৫০. আমরা শহর ও গ্রামের মধ্যে আলোচনা এবং যোগাযোগে উতসাহ দিই, স্থায়ী পরিবহন, এবং যাতায়াত ব্যবস্থার উন্নতি, প্রযুক্তি এবং যোগাযোগ নেটওয়ার্ক ও পরিকাঠামো উন্নয়নের মাধ্যমে, সুসংহত শহুরে এবং আঞ্চলিক দৃষ্টিভঙ্গীর ভিত্তিতে পরিকল্পনা উপাদানের ব্যবস্থা করা হয় যাতে উতপাদনশীলতা, সামাজিক, অর্হতনৈতিক, আঞ্চলিক ঐক্য বৃদ্ধির মাধ্যমে এই সব ক্ষেত্রের সম্ভাবনা বৃদ্ধি করা যায়, সেই সঙ্গে নিরাপত্তা এবং পরিবেশ সুরক্ষাও সুনিশ্চিত করা যায়।এর মধ্যে রয়েছে শহর এবং পার্শ্ববর্তী এলাকার মধ্যে সংযোগ গ্রাম-শহরের মধ্যে সংযোগ এবং বৃহত্তর স্থল ও সমুদ্রের মধ্যে সংযোগ।



Nairobi, Kenya - Eunika Sopotnicka ©

৫১. আমরা শহরাঞ্চলীয় পরিকল্পনা এবং নকশা উপাদানগুলির সাহায্যে শহুরে স্থানীয় কাঠামোর উন্নয়নের জন্য নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি, যেমন স্থায়ী ব্যবস্থাপনা এবং প্রাকৃতিক সম্পদ ও ভূমির ব্যবহার, যথাযথ দৃঢ়তা এবং ঘনত্ব, বহুকেন্দ্রিক এবং মিশ্র ব্যবহার, সুপরিকল্পিত শহুরে সম্প্রসারণ নীতিকৌশলের মাধ্যমে এগুলি করা হয়, মাত্রা এবং সঞ্চয়ের অর্থনীতির গতিপথ চালু করতে, খাদ্য ব্যবস্থার পরিকল্পনাকে শক্তিশালী করতে এবং সম্পদ দক্ষতা বৃদ্ধি করে, শহুরে স্থিতিস্থাপকতা এবং পরিবেশগত স্থিতিশীলতা বৃদ্ধি করতে এই নীতিকৌশল প্রয়োগ করা হয়।

৫২. আমরা স্থানীয় উন্নয়নের কৌশলগুলিকে উৎসাহিত করি, যেগুলি যথাযথভাবে, শহুরে সম্প্রসারণের নির্দেশিকার প্রয়োজন, শহুরে পুনর্নবীকরণের অগ্রাধিকার ইত্যাদির প্রতি গুরুত্ব দেয়, সেই সঙ্গে উন্নত যোগাযোগ ব্যবস্থা সম্বলিত পরিকাঠামো এবং পরিষেবার সংস্থানের পরিকল্পনা করে, ধারাবাহিক জন ঘণত্ব এবং উন্নত নকসা, নতুন প্রতিবেশী অঞ্চলকে শহুরে পরিবেশে সন্নিবিষ্ট করা এবং শহরের প্রতিকূলতা এবং প্রান্তিকীকরণকে প্রতিরোধ করা।

৫৩. আমরা নিরাপদ, সর্বাত্মক, প্রবেশযোগ্য, সবুজ এবং উন্নত জন স্থান উন্নয়নের প্রতিশ্রুতি দিই, বর্ধিত সামাজিক,অর্থনৈতিক মূল্যবোধ, সম্পত্তির মূল্য, ইত্যাদের সুবিধার্থে এবং ব্যবসা এবং সরকারী বেসরকারী বিনিয়োগের সুবিধা সৃষ্টি করতে এবং সকলের জন্য জীবিকার সুবিধা দেবার অঙ্গীকার করি।

৫৪. আমরা যেখানে সম্ভব, নবীকরণযোগ্য এবং ব্যয় সাশ্রয়ী শক্তি উতপাদন এবং ধারাবাহিক ও দক্ষ পরিবহণ পরিকাঠামো ও পরিষেবার অঙ্গীকার করছি, সংযোগের সুবিধা অর্জনের মাধ্যমে এবং অদক্ষ পরিবহণ,অত্যাধিক ভীড়, বায়ু দূষণ, শহুরে তাপ প্রদাহ এবং শব্দ দূষণ ইত্যাদির দরুণ আর্থিক, পরিবেশগত এবং জনস্বাস্থ্য সংক্রান্ত ব্যয় হ্রাস করার প্রতিশ্রুতি দিচ্ছি।আমরা সকলের বিদ্যুৎ এবং পরিবহণ প্রয়োজনীয়তা মেটানোর প্রতিশ্রুতি দিচ্ছি বিশেষ করে দরিদ্র এবং যারা অস্থায়ী বসতিতে বসবাস করে তাদের জন্য এটি করা হবে। আমরা লক্ষ্য করি যে নবীকরণযোগ্য শক্তির মূল্য কম হলে শহর এবং মানব বসতিগুলিতে বিদ্যুৎ সরবোরাহের ব্যয় নিশ্চিত রুপে হ্রাস পায়।

৫৫. আমরা পর্যাপ্ত, সর্বাত্মক এবং উন্নত মানের জন পরিষেবার উন্নতি, পরিচ্ছন্ন পরিবেষের মাধ্যমে এক সুস্থ সমাজ গড়ে তোলার প্রতিশ্রুতি দিচ্ছি, বায়ুর গুণমান নির্দেশিকা, পাশাপাশি বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং সামাজিক পরিকাঠামো ও সুযোগ সুবিধা যেমন, স্বাস্থ্য পরিচর্চা পরিষেবা, নবজাত এবং মায়েদের মৃত্যুর হার হ্রাস করতে যৌন এবং প্রজনন সংক্রান্ত স্বাস্থ্য পরিচর্চা পরিষেবার বিষয়েও গুরুত্ব দিতে হবে।

৫৬. আমরা অর্থনৈতিকভাবে উৎপাদনশীলতা বৃদ্ধি করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, আভ্যন্তরীণ সুযোগসুবিধা, জ্ঞান, দক্ষতা এবং শিক্ষাগত সুযোগসুবিধাগুলির সহ এমন শ্রম শক্তি গড়ে তুলতে চাই যা একটি উদ্ভাবনী এবং প্রতিযোগিতামূলক শহুরে অর্থনীতিতে অবদান যোগাবে। আমরা পূর্ণ ও ফলপ্রদ কর্মসংস্থান এবং শহরে এবং মানব বসতিসমূহের মধ্যে ভালো কাজ এবং জীবনযাপনের সুযোগ বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক উন্নতি এবং গ্রহণযোগ্যতা বৃদ্ধি করার জন্য অঙ্গীকার করছি।

৫৭. আমরা শহর এবং মানব বসতিগুলিতে পূর্ণ এবং উতপাদনশীল কর্মসংস্থান, সকলের জন্য ভদ্রোচিত কাজ এবং জীবিকার সুযোগ প্রদানের অঙ্গীকার করছি। এই ক্ষেত্রে মহিলা,যুবা, প্রতিবন্ধী, আদিবাসী জনগণ এবং স্থানীয় সম্প্রদায়, শরণার্থী, এবং অভ্যন্তরীণভাবে উদ্বাস্তু বিশেষ করে, দরিদ্রতম লোকেরা এবং যারা দুর্বল পরিস্থিতিতে রয়েছে তাদের প্রতি বিশেষ দৃষ্টি দেওয়া হবে এবং বৈধ আয়-উপার্জনের লক্ষ্যে সকলের জন্য বৈষম্য-হীন সুযোগ সৃষ্টি করা হবে।

৫৮. আমরা পরিবেশগত দিক থেকে স্থায়ী এবং সর্বাত্মক সম্বৃদ্ধির নীতি ভিত্তিক একটি ন্যায্য এবং দায়িত্বশীল ব্যবসার বাতাবরণ গড়ে তোলার প্রতিশ্রুতি দিচ্ছি, তাতে বিনিয়োগ বৃদ্ধি, অভিনবত্ব এবং শিল্পদ্যোগের উন্নতি হবে। স্থানীয় ব্যবসায় সম্প্রদায় যে সমস্যার সম্মুখীন আমরা তার মোকাবিলার প্রতিশ্রুতি দিচ্ছি, অতিক্ষুদ্র,ক্ষুদ্র, এবং মাঝারী আকারের শিল্পদ্যোগ এবং সমবায়ের প্রতি সামগ্রিক মূল্য শৃংখলার মাধ্যমে সমর্থন এবং বিশেষ করে সামাজিক এবং ঐক্যবদ্ধ অর্থনীতিতে যে সব ব্যবসা এবং শিল্পদ্যোগ আনুষ্ঠানিক এবং অস্থায়ী অর্থনীতিতে কাজ করছে তাদের ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে।

৫৯. আমরা অস্থায়ী অর্থনীতিতে কর্মরত দরিদ্রদের বিশেষ করে মহিলা, সেই সঙ্গে যাদের মজুরী দেওয়া হয় না, গৃহস্থালী এবং শরণার্থী কর্মী শহুরে অর্থনীতিতে তাদের অবদানের কথা স্বীকার করি জাতীয় পরিস্থিতির করা মাথায় রেখে এটি করা হয়। তাদের জীবিকা, কাজের অবস্থা, এবং আয় নিরাপত্তা, আইনী এবং সামাজিক সুরক্ষা, দক্ষতায় প্রবেশাধিকার, সম্পত্তি, এবং অন্যান সহায়ক পরিষেবা এবং কন্ঠ ও প্রতিনিধিত্ব বাড়াতে হবে। বর্তমান জীবিকার উন্নতির সময় উৎসাহ এবং পালন ব্যবস্থা সহযোগে একটি ভারসাম্য যুক্ত দৃষ্টিভঙ্গী গড়ে তোলা হবে। আমরা সুনির্দিষ্ট জাতীয় অবস্থা, আইন, নীতি, অনুশীলন এবং স্থায়ী অর্থনীতিতে রূপান্তরের অগ্রাধিকার ইত্যাদি আমাদের বিবেচনার মধ্যে রাখবো।

৬০. আমরা উচ্চ গুণমানযুক্ত ক্ষেত্রের মাধ্যমে স্থায়ী এবং সমর্থনকারী শহুরে অর্থনীতির উচ্চ উৎপাদনশীলতায় ক্রমবর্ধমান রূপান্তরে প্রতিশ্রুতিবদ্ধ। এটি হবে বৈচিত্র, প্রযুক্তিগত উন্নতি, গবেষণা ও উদ্ভাবন, গুণগত মানের, সুন্দর একটি উত্পাদনশীল চাকরি ইত্যাদির মাধ্যমে, এই উন্নয়নের জন্য নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করছি। অন্যদের মধ্যে সাংস্কৃতিক ও সৃজনশীল শিল্প, পর্যটন, প্রদর্শন শিল্প এবং ঐতিহ্য সংরক্ষণ কার্যক্রম ইত্যাদি রয়েছে। উন্নয়নের মাধ্যমে শহুরে অর্থনীতিকে আরো উন্নততর করার লক্ষ্যে আমরা অঙ্গীকারবোদ্ধ।

৬১. আমরা যেখানে প্রযোজ্য শহুরে জনসংখ্যা সংক্রান্ত সুযোগসুবিধা ব্যবহারের সংকল্প গ্রহণ করছি এবং যুবকদের শিক্ষা, দক্ষতা এবং কর্মসংস্থান বৃদ্ধি এবং নগর ও মানব বসতিগুলির সমৃদ্ধি অর্জনের জন্য কাজ করবো। মেয়ে এবং ছেলেমেয়ে, যুবতী নারী এবং যুবকেরা ভবিষ্যত পরিবর্তনের প্রধান উপাদান এবং যখন তাদের ক্ষমতায়ন করা হয় তখন তারা নিজেদের এবং তাদের সম্প্রদায়ের জন্য সোচ্চার হয়ে ওঠে এবং তাদের পর্যাপ্ত কাজ করার সম্ভাবনা রয়েছে। নতুন শহুরে কর্মসূচি বাস্তবায়নের জন্য আরো উন্নততর সুযোগ এবং তাদের অর্থবহ অংশগ্রহণ সুনিশ্চিত করা একান্ত আবশ্যক।

৬২. আমরা সামাজিক, অর্থনৈতিক এবং স্থানীয় জনসংখ্যাগত প্রভাবের উপযুক্তভাবে মোকাবিলা করার সংকল্প নিচ্ছি এবং বয়সের বিষয়টিকে নতুন চাকুরী এবং স্থায়ী, সর্বাত্মক এবং ধারাবাহিক অর্থনৈতিক বিকাশের সুযোগ


Abu Dhabi, United Arab Emirates

হিসেবে কাজে লাগিয়ে শহুরে জনগণের জীবন যাত্রার মান উন্নয়ন করতে হবে।

## পরিবেশগত স্থায়ী এবং মজবুত শহুরে বিকাশ

৬৩. আমরা স্বীকার করি যে অসামঞ্জস্যপূর্ণ ভোগ ও উৎপাদনের ধরণ, জৈব বৈচিত্রতার হানি, পরিবেশের ওপর চাপ, দূষণ, প্রাকৃতিক এবং মানব সৃষ্ট বিপর্যয় এবং জলবায়ু পরিবর্তন এবং সংশ্লিষ্ট ঝুঁকির ফলে, শহর এবং মানব বসতিগুলি অভুতপূর্ব আশংকার সম্মুখীন, তাছাড়া, রয়েছে সমস্ত ধরণের দারিদ্রের অবসান ঘটিয়ে ধারাবাহিক উন্নয়নের প্রয়াসকে ছোট করে দেখা। শহরগুলির জনসংখ্যাগত প্রবনতা এবং তাদের বিশ্ব অর্থনীতি, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত প্রয়াস, এবং সহায় সম্পদ ব্যবহারের ক্ষেত্রে তাদের কেন্দ্রীয় ভূমিকা রয়েছে। যে ভাবে পরিকল্পনা করা হয়েছে, অর্থ বিনিয়োগ করা হয়েছে, বিকশিত করা হয়েছে, নির্মিত হয়েছে, পরিচালিত এবং ব্যবস্থাপনা করা হয়েছে তার একটি সরাসরি প্রভাব রয়েছে শহরের সীমার পর ধারাবাহিকতার ওপর।

৬৪. আমরা স্বীকার করি যে সারা বিশ্বের বিশেষ করে উন্নয়নশীল দেশগুলিতে শহুরে কেন্দ্রগুলির প্রায়ই এমন সব বৈশিষ্ট থাকে যা তাদের এবং সেখানে বসবাসকারীদের দুর্বল করে তোলে জলবায়ূ পরিবর্তনের প্রতিকূল প্রভাবের দরুণ। ভূমিকম্প, চূড়ান্ত আবহাওয়া পরিস্থিতি, বন্যা, ঝড় তুফান, সহ মানব সৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয় ইত্যাদি ছাড়াও ধুলো বালির ঝড়, তাপ প্রবাহ, জল সংকট, খরা, জল এবং বায়ু দূষণ, সংক্রামক অসুখ, সমুদ্র স্তর ওপরে ওঠা যা বিশেষ করে উপকূল এলাকা, অববাহিকা অঞ্চল, উন্নয়নশীল ক্ষুদ্র দ্বীপাঞ্চল সহ অন্যন্য ক্ষেত্রে ক্ষতি করে।

৬৫. আমরা শহরে এবং মানব বসতিতে প্রাকৃতিক সম্পদের ধারাবাহিক পরিচালনার জন্য নিজেদেরকে প্রতিশ্রুতিবদ্ধ করি যাতে শহুরে পরিবেশ এবং পরিবেশগত পরিষেবা উন্নত হয়, গ্রিন হাউস গ্যাস নির্গমন এবং বায়ু দূষণ হ্রাস পায় এবং বিপর্যয় ঝুঁকি হ্রাস এবং ব্যবস্থাপনার উন্নতি হয়, এতে বিপর্যয় হ্রাস নীতি কৌশলে সহায়তা হয়, এবং প্রাকৃতিক এবং মানব সৃষ্ট

বিপর্যয়ের অবধিকালীন মূল্যায়ন সম্ভব হয়, ধারাবাহিক অর্থনৈতিক বিকাশ এবং জীবন ধারণের মান উন্নত হয় উন্নত পরিবেশগত শহুরে এবং আঞ্চলিক পরিকল্পনা, পরিকাঠামো এবং বুনিয়াদী পরিষেবার মাধ্যমে।

৬৬. আমরা স্মার্ট শহরের দৃষ্টিভঙ্গীগ্রহণ করি যা ডিজিটালাইজেশন, পরিচ্ছন্ন বিদ্যুৎ এবং প্রযুক্তির সুবিধা ব্যবহারের সুযোগ করে দেয়, সেই সঙ্গে অভিনব পরিবহন প্রযুক্তির ব্যবস্থা করে ফলে আবাসীদের কাছে অধিক পরিবেশ অনুকূল বিকল্প থাকে এবং স্থায়ী বিকাশের সুযোগ বৃদ্ধি পায় এবং শহরগুলি উন্নত পরিষেবা প্রদানে সক্ষম হয়।

৬৭. উন্মুক্ত, বহু উদ্দেশ্য সাধিক, নিরাপদ সর্বাত্মক, প্রবেশযোগ্য, দূষণমুক্ত উন্নত মানের জন স্থান নেটওয়ার্ক সৃষ্টি এবং ব্যবস্থাপনার উন্নতির জন্য আমরা সংকল্প করছি এর উদ্দেশ্য হলো বন্যা ও খরার ঝুঁকি এবং তাপপ্রবাহ, খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি, শারিরীক এবং মানষিক স্বাস্থ্যের উন্নতি এবং পরিবার এবং বাতাসের উপযুক্ত গুণমান, শব্দ কম করা এবং ভালো এবং সজীব শহর উন্নয়ন, মানব বসতি এবং শহুরের দৃশ্যায়ণ এবং লুপ্তপ্রায় প্রজাতির সংরক্ষণের প্রতি অগ্রাধিকার প্রদান।

৬৮. আমরা শহুরে অববাহিকা, উপকূলবর্তী অঞ্চল এবং পরিবেশ সংবেদী অন্য এলাকার প্রতি বিশেষ বিবেচনার অঙ্গীকার করছি, পরিবেশ ব্যবস্থায় পরিবহন, খাদ্য নিরাপত্তা, অর্থনৈতিক সমৃদ্ধি, পরিবেশ পরিষেবা এবং স্থিতিস্থাপকতার বিষয়গুলির গুরুত্ব তুলে ধরা হয়। আমরা ধারাবাহিক শহর এবং আঞ্চলিক পরিকল্পনা এবং উন্নয়নে উপযুক্ত ব্যবস্থার সংহতি সাধন করি।

৬৯. আমরা জমির পরিবেশগত এবং সামাজিক কার্যাবলী সংরক্ষণ এবং উন্নত করার অঙ্গীকার করি, এর মধ্যে রয়েছে, উপকূলবর্তী এলাকা যা শহর এবং মানব বসতির সহায়তা করে এবং পরিবেশ ভিত্তিক সমাধানের ব্যবস্থা করা হয় যাতে ধারাবাহিক ভোগ এবং উৎপাদন ব্যবস্থা সুনিশ্চিত করা যায়, এর ফলে পুনর্নবীকরণযোগ্য ক্ষমতা অধিক হয় না। আমরা স্থায়ী জমির ব্যবহার সঠিকভাবে করার অঙ্গীকার করছি, পর্যাপ্ত ঘনত্বের সঙ্গে শহরের সম্প্রসারণের

বিষয়টিকে যুক্ত করার অঙ্গীকার করছি যাতে অপ্রয়োজনীয় জমির ব্যবহার প্রতিরোধ করা যায় এবং জমির ক্ষতি ও ভঙ্গুরতা রোধ এবং গুরুত্বপূর্ণ পরিবেশ রক্ষা করা সম্ভব হয়।

৭০. আমরা পণ্য ও বুনিয়াদী পরিষেবার স্থানীয় সংস্থানের প্রতি গুরুত্ব দিই এবং সহায় সম্পদের নৈকট্যের প্রতিশ্রুতি দিই, এটি স্বীকার করি যে বিদ্যুৎ, জল খাদ্য পণ্যের দূরবোর্তী উৎসের প্রতি নির্ভরশীলতা স্থায়িত্বের দিক থেকে চ্যালেঞ্জ সৃষ্টি করতে পারে, সেই সঙ্গে পরিষেবা সরবোরাহ বিঘ্নিত হতে পারে এবং স্থানীয় সংস্থান আবাসিকদের সহায় সম্পদে প্রবেশাধিকার দিতে পারে।

৭১. আমরা জমি, জল (মহাসাগর, সমুদ্র এবং তাজা জল, শক্তি, সামগ্রী, বন এবং খাদ্য সহ সহায় সম্পদের স্থায়ী ব্যবস্থাপনা মজবুত করার অঙ্গীকার করছি। বিশেষ করে পরিবেশ অনুকূল ব্যবস্থাপনা এবং বর্জ কম করার প্রতি দৃষ্টি দেওয়া হবে যেমন ক্ষতিকর রাসায়নিক, বায়ু এবং স্বল্প স্থায়ী জলবায়ু দুষনকারী উপাদান, গ্রিন হাউস গ্যাস এবং শব্দ, এবং এক দিক থেকে এটি শহর গ্রামের সংযোগসৃষ্টি কারী, কার্যকরী সরবোরাহ এবং মূল্য শৃংখলা অর্থাৎ পরিবেশগত প্রভাবে এবং স্থায়িত্ব এবং যেটি চক্রাকার অর্থনীতিতে রূপান্তরের সামিল, পরিবেশ ব্যবস্থার সংরক্ষণ, পুনরায় সৃজন, পুনপ্রতিষ্ঠা এবং স্থিতিস্থাপকতা হিসেবে দেখা দয়েয় উদীয়মান নতুন চ্যালেঞ্জের সামনে।

৭২. আমরা নিজেদেরকে দীর্ঘমেয়াদী নগর ও আঞ্চলিক উন্নয়ন পদ্ধতি এবং স্থানীয় উন্নয়ন অনুশীলনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ করি যার মধ্যে রয়েছে সমন্বিত জল সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা, শহর-গ্রাম ধারাবাহিকতার বিবেচনায় স্থানীয় এবং আঞ্চলিক মাত্রা এবং সংশ্লিষ্ট অংশীদার এবং সম্প্রদায়ের কথা মাথায় রেখে এটি করা হয়।

৭৩. আমরা জল পুনর্ব্যবহারের কথা বিবেচনা করে, জল সাশ্রয় এবং রিচার্জের মাধ্যমে জল সঞ্চয় বৃদ্ধি করে এবং অপচয় করা জল শোধন, জলের অপচয় কম করে, জলের পুনর্ব্যবহার বাড়িয়ে এবং জল সংরক্ষণ বৃদ্ধি করে ও শহর এবং আধা শহর এবং গ্রামীণ এলাকায় জলের উৎস বাড়ানোর সংকল্প গ্রহণ করছি।

৭৪. আমরা পরিবেশ অনুকূল বর্জ ব্যবস্থাপনা এবং ধারাবাহিকভাবে বর্জ সৃষ্টি হ্রাস করবো এবং বর্জ হ্রাস, পুনর্ব্যবহার এবং রিসাইকেলের মাধ্যমে এবং জমি ভরাট কম করবো এবং বর্জকে বিদ্যুতে পরিণত করবো যখন বর্জ আর পুনর্ব্যবহার করা যায় না অথবা যখন এই বিকল্প সর্বোত্তম পরিবেশগত ফলাফল প্রদান করে তখন এই ব্যবস্থা নেওয়া হবে। আমরা উপকূল এলাকায় উন্নত বর্জ ব্যবস্থাপনার মাধ্যমে সামুদ্রিক দূষণ হ্রাস করার প্রতিশ্রুতি গ্রহণ করছি।

৭৫. আমরা জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় সরকারগুলিকে স্থায়ী, পুনর্নবীকরণযোগ্য এবং ব্যয় সাশ্রয়ী বিদ্যুৎ সংরক্ষণ এবং শক্তি দক্ষ ভবন এবং নির্মাণে উৎসাহিত করার সংকল্প নিচ্ছি এবং শক্তি সংরক্ষণ এবং দক্ষতার সংকল্প গ্রহণ করছি। এগুলি গ্রিনহাউস গ্যাস এবং কালো কার্বন নির্গমণ হ্রাস করবে, ধারাবাহিকভাবে ব্যয় হ্রাস এবং সঠিক উৎপাদন সুনিশ্চিত করবে। এর ফলে নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে এবং জনস্বাস্থ্য উন্নত হবে এবং বিদ্যুৎ সরবোরাহের ব্যয় হ্রাস পাবে।

৭৬. আমরা প্রাকৃতিক সহায় সম্পদের ব্যবহার এবং কংক্রিট, ধাতব, কাঠ, খনিজ এবং জমির দক্ষতার প্রতি দৃষ্টি দেবার সংকল্প গ্রহণ করছি। আমরা নিরাপদ উপাদান উদ্ধার এবং পুনর্ব্যবহারের সুবিধা সৃষ্টি করবো এবং স্থায়ী ও স্থিতিস্থাপক ভবন বিকাশের ওপর গুরুত্ব দেব এবং স্থানীয়, বিষাক্ত নয় এমন এবং পুনর্ব্যবহারযোগ্য সামগ্রী এবং শিশা মুক্ত পেন্ট এবং প্রলেপের প্রতি অগ্রাধিকার দেব।

৭৭. আমরা উন্নত পরিকাঠামো এবং স্থানীয় পরিকল্পনার মাধ্যমে শহর এবং মানব বসতিকে শক্তিশালী এবং স্থিতিস্থাপক করে তোলার প্রতিশ্রুতি দিচ্ছি। এর জন্য সমন্বিত, বয়স, এবং লিঙ্গ প্রতিক্রিয়াশীল নীতি ও পরিকল্পনা গ্রহণ এবং রূপায়ণ করবো এবং ২০২৫-২০৩০ বিপর্যয় ঝুঁকি হ্রাস সেন্ডাই কাঠামোর সঙ্গে সঙ্গতি রেখে পরিবেশ ব্যবস্থা অনুকূল দৃষ্টিভঙ্গী গ্রহণ করবো এবং বসতি সহ স্থায়ী এবং অস্থায়ী বসতির ঝুঁকিপূর্ণ এলাকায় উন্নত এবং পরিসংখ্যান ভিত্তিক ঝুঁকি কম করার ব্যবস্থাপনা সর্ব স্তরে চালু করবো এবং বিভিন্ন পরিবার, সম্প্রদায়, প্রতিষ্ঠান এবং পরিষেবাকে দ্রুত বিপর্যয় প্রভাব




Jakarta, Indonesia - AsiaTravel ©

থেকে মুক্ত হবার জন্য উপযুক্তভাবে সক্ষম করে তুলবো। আমরা এমন পরিকাঠামো উন্নয়নের প্রতি জোর দেব যা স্থিতিস্থাপক, এবং সহায়সম্পদ দক্ষ এবং বিপর্যয়ের ঝুঁকি কম করবে সেই সঙ্গে বসতি এবং অস্থায়ী বসতির উন্নয়ন এবং পুনর্বাসনে সহায়তা করবে। আমরা সব বর্তমান আবাসনের ঝুঁকি কম করার জন্য সেগুলিকে মজবুত করার জন্য উপযুক্ত ব্যবস্থা নেব। বসতি এবং অস্থায়ী বসতিকে বিপর্যয় স্থিতিস্থাপক করে তুলবো এই কাজে আমরা স্থানীয় কর্তৃপক্ষ এবং অংশীদারদের সহায়তা নেব।

৭৮. আমরা প্রতিক্রিয়াশীল অবস্থা থেকে অধিক সক্রিয় ঝুঁকি-ভিত্তিক, সর্ব ক্ষতিকর এবং সর্ব-সমাজ দৃষ্টিভঙ্গী যেমন ঝুঁকি সম্পর্কে জন সচেতনতা বৃদ্ধি এবং ঝুঁকি প্রতিরোধ ব্যবস্থার উন্নতি এবং স্থিতিস্থাপকতা গড়ে তোলা, অন্যদিকে প্রাকৃতিক বা মানব সৃষ্ট  বিপর্যয় বা দ্বন্দ্বের মোকাবিলার জন্য অবিলম্বে ক্ষতিগ্রস্থ আবাসিকদের প্রয়োজন মেটানো এবং কার্যকরী স্থানীয় ব্যবস্থা গ্রহণ সুনিশ্চিত করা। এতে 'নতুন নির্মান উন্নততর' এই নীতির একত্রীকরণ থাকবে বিপর্যয় পরবোর্তী উদ্ধার প্রক্রিয়ার সংঙ্গে এবং স্থিতিস্থাপক ভবন, পরিবেশগত এবং স্থানীয় ব্যবস্থা এবং অতীত বিপর্যয় থেকে শিক্ষা গ্রহণ এবং ভবিষ্যত পরিকল্পনায় নতুন ঝুঁকির সচেতনতা।

৭৯. আমরা জলবায়ু পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য বিধান এবং প্রশমনসহ সহ সাথে আন্তর্জাতিক, জাতীয়, উপজাতীয় ও স্থানীয় জলবায়ু কর্মের প্রচারের জন্য এবং শহর ও মানুষের বস্তী বাড়ি, তাদের বাসিন্দাদের এবং সকল স্থানীয় অংশীদারদের গুরুত্বপূর্ণ বাস্তবায়নকারী হিসাবে সহায়তা করার জন্য অঙ্গীকার করছি। আমরা নির্মাণ স্থিতিশীলতা সমর্থন এবং সব প্রাসঙ্গিক ক্ষেত্র থেকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস করতেও সংকল্প গ্রহণ করছি। জলবায়ু পরিবর্তনের বিষয়ে রাষ্ট্রসংঘ পরিকাঠামো সম্মেলনের অধীনে গৃহীত প্যারিস চুক্তির লক্ষ্যের সাথে এই ধরনের পদক্ষেপগুলি সামঞ্জোস্যপূর্ণ হওয়া উচিত। সেই সঙ্গে থাকবে আন্তর্জাতিক পরিমাপের গড় তাপমাত্রা শিল্প পূর্ব ২ ডিগ্রি সেলসিয়াসের নিচে এবং প্রচেষ্টা হবে একে শিল্প পূর্ব স্তরের ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে সীমিত রাখা।

৮০. আমরা মাঝারী থকে দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রক্রিয়া সমর্থন করি এবং শফর পর্যায়ের জলবায়ূ দুর্বলতা এবং প্রভাব সমীক্ষা করি, এর উদ্দেশ্য হল পরিকল্পনা, নীতি, কর্মসূচি এবং ব্যবস্থা গ্রহণ করা যা পরিবেশ ভিত্তিক অভিযোজন ব্যবহারের মাধ্যমে শহুরে আবাসিকদের স্থিতিস্থাপকতা গড়ে তোলা।

## কার্যকরী রূপায়ণ

৮১. আমরা স্বীকার করি যে নতুন শহুরে কর্মসূচিতে নির্ধারিত পরিবর্তনীয় প্রতিশ্রুতির রূপায়নের জন্য প্রয়োজন হবে জাতীয়, রাষ্ট্রীয় ও স্থানীয় পর্যায়ের নীতি পরিকাঠামো, যা অংশগ্রহণকারী পরিকল্পনা এবং নগর উন্নয়ন এবং বাস্তবায়নের কার্যকরী উপায়সমূহের সঙ্গে সুসমন্বিত হবে, এবং আন্তর্জাতিক সহযোগিতায় অভিনন্দিত হবে। পাশাপাশি ক্ষমতার উন্নয়নে প্রচেষ্টার পাশাপাশি সকল স্তরের সরকারের মধ্যে সর্বোত্তম অনুশীলন, নীতি ও কর্মসূচী ভাগ করে নেওয়া হবে।

৮২. স্থায়ী নগরায়ন এবং নতুন শহুরে কর্মসূচিকে মূলধারায় নিয়ে আসার লক্ষ্যে একটি সুসমন্বিত পদ্ধতি প্রয়োগ করতে, শহুরে ও গ্রামীণদের সমন্বয় সাধনের মাধ্যমে কৌশল এবং কর্মসূচিগুলি সুসমন্বিত করার জন্য আমরা বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থা রাষ্ট্র সংঘের ব্যবস্থা ও বহুজাতিক পরিবেশগত চুক্তি, উন্নয়ন অংশীদার, আন্তর্জাতিক এবং বহুজাতিক আর্থিক প্রতিষ্ঠান, আঞ্চলিক উন্নয়ন ব্যাংক, বেসরকারী অংশীদার এবং অন্যান্য অংশীদারদের আমন্ত্রণ জানাচ্ছি,

৮৩. এই বিষয়ে, আমরা ব্যবস্থা ভিত্তিক নীতিকৌশল পরিকল্পনা, রূপায়ন এবং খবর দেওয়ার কাঠামোর মধ্যে ধারাবাহিক শহুরে উন্নয়নের ক্ষেত্রে রাষ্ট্রসংঘের ব্যবস্থা ভিত্তিক সমন্বয় এবং সহযোগিতার প্রতি গুরুত্ব দিয়ে থাকি, ধারাবাহিক উন্নয়ন কর্মসূচি ২০৩০এর ৮৮ অনুচ্ছেদে এই কাঠামোর উল্লেখ রয়েছে।

৮৪. কোনো রকম একতরফা, অর্থনৈতিক, আর্থিক বা বাণিজ্যিক বিষয়ে এমন কোনো নিয়ম প্রয়োগ করতে আমরা রাষ্ট্রকে বিরত থাকতে বলি যা

আন্তর্জাতিক আইন এবং রাষ্ট্রসংঘ সনদের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় এবং যা অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়ন বিশেষ করে উন্নয়নশীল দেশসমুহের পূর্ণ সাফল্য অর্জনে প্রতিবন্ধকতার সৃষ্টি করে।

## শহরে সরকারের পরিকাঠামো নির্মাণঃ একটি সহায়ক পরিকাঠামো প্রতিষ্ঠা

৮৫. বিকেন্দ্রীকরণ এবং স্থানীয় কর্তৃপক্ষকে শক্তিশালী করণ সংক্রান্ত আন্তর্জাতিক নীতি নির্দেশিকা এবং রাষ্ট্রসংঘ মানব বসতি কর্মসূচির পরিচালন পরিষদের গৃহীত সকলের জন্য বুনিয়াদী পরিষেবায় প্রবেশসংক্রান্ত আন্তর্জাতিক নীতি নির্দেশিকায় উল্লিখিত নীতি এবং কৌশল আমরা স্বীকার করি (ইউ এন – হ্যাবিট্যাট) তাদের প্রস্তাব ২১/৩ ২০ এপ্রিল ২০০৭[15] এবং ২২/৮ ৩ এপ্রিল ২০০৯[16] ।

৮৬.আমরা নতুন শহুরে কর্মসূচির সর্বাত্মক রূপায়নযোগ্য এবং অংশগ্রহণমূলক শহুরে নীতিসমূহ কার্যকরীভাবে মূলধারার স্থায়ী শহুরে এবং আঞ্চলিক উন্নয়নের সঙ্গে রূপায়ন করবো। এটি হবে জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলি এবং নিয়ামক কাঠামোর সমর্থিত সুসমন্বিত উন্নয়ন কৌশল এবং পরিকল্পনার অংগ। তারা স্বচ্ছ ও জবাবদিহী অর্থব্যবস্থাগুলির সাথে পর্যাপ্তভাবে যুক্ত রয়েছে তা নিশ্চিত করা হয়।

৮৭. আমরা জাতীয়, উপজাতীয় এবং স্থানীয় সরকারগুলির সঙ্গে মজবুত সহযোগিতা এবং সমন্বয় সাধন করবো, এর মধ্যে রয়েছে বহু স্তরীয় পরামর্শ ব্যবস্থা এবং প্রতিটি সরকারের স্তরে সংশ্লিষ্ট যোগ্যতা, সরঞ্জাম এবং সহায় সম্পদ সুনির্দিষ্ট থাকবে।

৮৮. আমরা লক্ষ্য এবং ক্ষেত্রীয় নীতির পরিমাপ, গ্রামীণ বিকাশ, জমি ব্যবহার,খাদ্য নিরাপত্তা এবং পুষ্টি, প্রাকৃতিক সহায়সম্পদের ব্যবস্থাপনা, জন

15 বাষট্টি তম অধিবেশনের সাপ্লিমেন্ট নং ৮ (এ/৬২/৮) সংযোজন সাধারণ পরিষদের সরকারী রেকর্ড দেখুন

16 ইবিড, চৌষট্ট তম অধিবেশন সাপ্লিমেন্ট নং ৮(এ/৬৪/৮) সংযোজন ১


Barcelona, Spain

পরিষেবার সংস্থান, জল এবং  পরিচ্ছন্নতা, স্বাস্থ্য পরিবেশ, শক্তি, আবাসন, সচলতার নীতি, বিভিন্ন স্তরে এবং মাত্রায় রাজনৈতিক প্রশাসনের ক্ষেত্রে উপযুক্ত কাজের ক্ষেত্র বিবেচনায় যাতে নগরায়নের প্রতি সুসন্বিত দৃষ্টিভঙ্গী মজবুত করা যায় এবং সুসংহত শহুরে এবং আঞ্চলিক পরিকল্পনা নীতিকৌশল রূপায়ন করা যায়।

৮৯. আমরা সমতা এবং বৈষম্যহীনতার নীতির ভিত্তিতে আইনী এবং নীতি পরিকাঠামো প্রতিষ্ঠা করবো যাতে সরকার জাতীয় শহুরে নীতি কার্যকরীভাবে রূপায়ন করতে পারে এবং তাদের নীতি নির্ধারক এবং সিদ্ধান্ত গ্রহণকারী হিসেবে ক্ষমতা প্রদান করতে পারে, ফলে তারা উপযুক্ত আর্থিক, রাজনৈতিক এবং প্রশাসনিক বিকেন্দ্রীকরণ সুনিশ্চিত করতে পারবে।

